রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, নভেম্বর ১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১২ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/ ২৮ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৮২-আইন/২০২৬।—সরকার, সড়ক পরিবহণ আইন, ২০১৮ (২০১৮ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২২ এ প্রদত্ত ক্ষমতাবলে, সড়ক পরিবহণ বিধিমালা, ২০২২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরিউক্ত বিধিমালার বিধি ৩৬ এর—

(ক) উপ-বিধি (৩) এর দফা (খ) এর প্রান্তস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে সেমিকোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নূতন দফা (গ) সংযোজিত হইবে, যথা:—

"(গ) কর্তৃপক্ষ মোটর সাইকেলের সম্মুখভাগে রেজিস্ট্রেশন নম্বর প্রদর্শনের ক্ষেত্রে দফা (ক) ও (খ) এ বর্ণিত পদ্ধতির পাশাপাশি রেজিস্ট্রেশন নম্বর একটি আনুভূমিক রেখায় লেখার অনুমতি প্রদান করিতে পারিবে।";

(খ) উপ-বিধি (৭) এর—

(অ) দফা (ক) এ উল্লিখিত "হইবে" শব্দটির পর ",তবে মোটর সাইকেলের সম্মুখভাগে রেজিস্ট্রেশন চিহ্ন মোটর সাইকেলের ডিজাইন অনুযায়ী কর্তৃপক্ষ, প্রয়োজনে, একাধিক পরিমাপের (দৈর্ঘ্য x প্রস্থ) একটি বিপরীতমুখী রেট্রো-রিফ্লেক্টিভ প্লেটের উপরে প্রদর্শনের অনুমতি প্রদান করিতে পারিবে" কমাগুলি, শব্দগুলি ও চিহ্ন সংযোজিত হইবে;

মূল্য : টাকা ৪.০০

(আ) দফা (ছ) এর প্রান্তস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে কোলন চিহ্ন প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ দুইটি শতাংশ সংযোজিত হইবে, যথা:—

"তবে শর্ত থাকে যে, এই উপ-বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, কর্তৃপক্ষ, প্রয়োজনে, মোটর সাইকেলের সামনের নম্বরপ্লেটের অক্ষর, জেলা বা অঞ্চলের নাম নির্দেশকারী অক্ষরের মাত্রার উচ্চতা, যানবাহনের শ্রেণি নির্দেশকারী অক্ষরগুলির উচ্চতা, প্লেটের উপরিভাগের প্রান্তে একটি খালি জায়গার স্থানের পরিমাণ, ২ (দুই) টি সংখ্যার মধ্যে একটি খালি জায়গার দৈর্ঘ্য এবং দ্বিতীয় রেখার সংখ্যাগুলির মধ্যে হাইফেনের দৈর্ঘ্য নির্ধারণ করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, কর্তৃপক্ষ, পাশাপাশি, একই লাইনে রেজিস্ট্রেশন মার্ক লিখিবার ক্ষেত্রে জেলা বা অঞ্চলের নাম নির্দেশকারী অক্ষর এবং যানবাহনের শ্রেণি নির্দেশকারী অক্ষরের পর নির্ধারিত দৈর্ঘ্যের হাইফেন ব্যবহার করিতে পারিবে।"; এবং

(গ) উপ-বিধি (১০) এ উল্লিখিত "মোটরসাইকেল এবং" শব্দগুলি বিলুপ্ত হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আল-আমীন মোঃ নুরুল ইসলাম
উপসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd